

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذَكَرُ خَبْرٍ ثَانٍ يُصْرِحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3781 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدِ الدَّارِمِيِّ أَبُو بَكْرٍ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْمُقْدَامِ الْعِجْلِيُّ حَدَّثَنَا حَمَادُ بْنُ زَيْدٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: خَرَجْنَا مُوَافِينَ لِهَلَالِ ذِي الْحِجَّةِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ شَاءَ أَنْ يُهَلََّ بِحَجٍّ فَلْيُهَلِّ وَمَنْ شَاءَ أَنْ يُهَلََّ بِعُمْرَةٍ فَلْيُهَلِّ بِعُمْرَةٍ) قَالَتْ: فَمِنَّا مَنْ أَهَلََّ بِحَجٍّ وَمِنَّا مَنْ أَهَلََّ بِعُمْرَةٍ قَالَتْ: فَكُنْتُ أَنَا مِمَّنْ أَهَلََّ بِعُمْرَةٍ حَتَّى إِذَا كُنَّا بِسَرْفِ ذَكَرَتِ الْمِيحِضَةَ دَخَلَ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا أَبْكِي فَقُلْتُ: وَدِدْتُ أَنِّي لَمْ أَخْرُجِ الْعَامَ وَذَكَرْتُ مَحِيضَتَهَا قَالَتْ: فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (انْقُضِي رَأْسَكَ وَامْتَشِطِي وَافْعَلِي مَا يَفْعَلُ الْمُسْلِمُونَ فِي حَجِّهِمْ) قَالَتْ: فَأَطَعْتُ اللَّهَ وَرَسُولَهُ فَلَمَّا كَانَتْ لَيْلَةَ الصِّدْرِ أَمَرَ عَبْدَ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرٍ فَأَخْرَجَهَا إِلَى التَّنْعِيمِ قَالَتْ: فَأَهَلَّتْ مِنْهُ بِعُمْرَةٍ. الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3781 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (4/182).

বাংলা

৩৭৮১. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা যুল হিজ্জাহ মাসের কিছু আগে মদীনা থেকে বের হই, তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে ব্যক্তি হজের ইহরাম বাঁধতে চায়, সে যেন সেই ইহরাম বাঁধে, আর যে ব্যক্তি উমরার ইহরাম বাঁধতে চায়, সে যেন উমরার ইহরাম বাঁধে।”

রাবী বলেন, “অতঃপর আমাদের মাঝে কেউ হজের ইহরাম বাঁধে আবার কেউ উমরার ইহরাম বাঁধে।” তিনি বলেন, “আমি তাদের অন্তর্ভুক্ত ছিলাম, যারা উমরার ইহরাম বেঁধেছিলেন। অতঃপর যখন আমরা সারিফ নামক

জায়গায় যাই, তখন আমার হয়েয হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছে আসেন, তখন আমি কাঁদছিলাম। আমি তাঁকে বলি, “আমার ইচ্ছা হচ্ছে যে, আমি যদি এই বছর হজ না করতাম।” অতঃপর তিনি তার হয়েযের কথা বলেন। আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি তোমার মাথা অবমুক্ত করে চুল আঁচড়াও এবং অন্যান্য মুসলিমগণ তাদের যেভাবে যা করেন, তুমিও তা-ই করো।” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণ করি। অতঃপর যখন চলে আসার রাত হয়, তখন তিনি আব্দুর রহমান বিন আবু বকর রাদিয়াল্লাহু আনহুমা কে আদেশ করলে তিনি তাকে তানঈমে নিয়ে যান।” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি সেখান থেকে উমরাহর ইহরাম বাঁধি।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৬০৪; নাসাঈ: ৫/১৪৫-১৪৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৭৯; সহীহুল বুখারী: ৩১৭; সহীহ মুসলিম: ১২১১; ইবনু মাজাহ: ৩০০০; সুনান বাইহাকী: ৪/৩৫৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/১৮২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93120>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন